**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা রাজ্যের প্রান্তিক এলাকার জনগনের উন্নয়নে সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেছেন ।**

**(২) সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন চলতি অর্থ বছরের মধ্যে রাজ্যে বাল্য বিবাহ রোধে একশো শতাংশ সাফল্য অর্জনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত ও সাইপ্রাসের মধ্যে অংশীদারিত্বের সম্পর্ক গণতান্ত্রিক মূল্যবোধ ও আইনের শাসনের গভীরে ছড়ানো।**

**(৪) কেন্দ্রীয় সরকার আজ ষোলতম জনগণনার আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে।**

**(৫) ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে।**

**************************************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডাঃ) মানিক সাহা রাজ্যের প্রান্তিক এলাকার জনগনের উন্নয়নে সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আজ সচিবালয়ের চলতি অর্থবছরে ত্রিপুরা স্টেট এমপ্লয়মেন্ট গ্যারান্টি কাউন্সিলের প্রথম সভায়

বলেন, প্রান্তিক এলাকায় পরিকাঠামো উন্নয়ন, সড়ক যোগাযোগ সহ জনগণের আর্থ সামাজিক মানোন্নয়ন সুনিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর।

তিনি বলেন, গ্রামীণ অর্থনীতির বিকাশে এম জি এনরেগা খুবই গুরুত্বপূর্ণ। কারণ রাজ্যের অধিকাংশই গ্রামীণ এলাকা। রাজ্য সরকার গ্রামীণ এলাকার উন্নয়নে স্থায়ী সম্পদ সৃষ্টিতে গুরুত্ব দিয়ে কাজ করছে। তাই উন্নয়ন কর্মসূচি রূপায়ণে জেলাশাসক ও সমাহর্তা, সমষ্টি উন্নয়ন আধিকারিক সহ বিভিন্ন স্তরের আধিকারিকদের সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধিদের সাথে প্রতিনিয়ত সমন্বয় রেখে কাজ করা প্রয়োজন।

***************************

**Tinku Roy- Pragya Bhawan:**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন চলতি অর্থ বছরের মধ্যে রাজ্যে বাল্য বিবাহ রোধে একশো শতাংশ সাফল্য অর্জনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত মহিলা সংক্রান্ত এবং সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা সম্পর্কিত প্রকল্প নিয়ে কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। শ্রী রায় বলেন, বাল্য বিবাহ রোধে রাজ্য সরকার মিশন মোডে কাজ করে চলেছে। মহিলা ও মেয়েদের কল্যানে গৃহীত কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প উল্লেখ করে তিনি বলেন, রাজ্য সরকার ২০২২সালে ত্রিপুরা স্টেট্ পলিসি ফর এম্পোওয়ারমেন্ট অফ ওমেন চালু করেছে।

***************************

**Dharti Aaba Jana Bhagidari Abhiyn:**

মোহনপুর মহকুমার অন্তর্গত লেফুঙ্গায় আজ ধরতি আবা জন ভাগিধারী অভিযান কর্মসূচির উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। অনুষ্ঠানে জনজাতি

অংশের মানুষের মধ্যে সরকারি বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়া হয়। সেই সঙ্গে সরকারি বিভিন্ন প্রকল্প সম্পর্কে তাদের অবহিত কার হয়। স্থানীয় বিভিন্ন সমস্যা সম্পর্কে সাধারণ মানুষের কাছ থেকে শুনে এগুলো দ্রুত সমাধানের আশ্বাস দেন ভারপ্রাপ্ত সভাধিপতি শ্রী শীল। উপস্থিত ছিলেন পশ্চিম জেলার অতিরিক্ত জেলা শাসক মেঘা জৈন, জনজাতির কল্যাণ দপ্তরের পশ্চিম জেলার আধিকারিক ক্ষীরোদ দেববর্মা প্রমুখ।

**************************

**Aforestation Drive-Package Story:**

বিশ্ব পরিবেশ দিবস সবুজের নতুন চেতনায় উদ্দীপনার সুযোগ এনে দেয়। বনায়নের চেতনায় দূষণের বিরুদ্ধে পদক্ষেপকে জোরালো করতেই একযোগে ছ'লক্ষ চারাগাছ লাগানোর বিশেষ কর্মসূচি। শুনুন একটি প্রতিবেদন-

#########Package Story##########

**************************

**TBSE:**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সচিব ডঃ দুলাল দে জানান চলতি ২০২৫ সালে পর্ষদের বছর বাঁচাও পরীক্ষা শুরু হবে আগামী ৩০ শে জুন থেকে। চলবে সাতই জুলাই পর্যন্ত। বছর বাঁচাও পরীক্ষায় বসার জন্য মাধ্যমিকে প্রায় এক হাজার ৭০০ এবং উচ্চমাধ্যমিকে প্রায় ১৮০০ জন পরীক্ষার্থী আবেদন করেছে। মোট ৬২টি পরীক্ষা গ্রহণ কেন্দ্রে হবে বছর বাঁচাও পরীক্ষা।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM-Cyprus**

সাইপ্রাসের রাষ্ট্রপতি, নিকোস ক্রিস্টোডোলিডেশ আজ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে "গ্র্যান্ড ক্রস অফ দ্য অর্ডার অফ ম্যাকারিওস থ্রি" সম্মানে ভূষিত করেছেন

১৪০ কোটি ভারতীয়দের পক্ষ থেকে এই সম্মান গ্রহণ করে প্রধানমন্ত্রী শ্রী মোদী সাইপ্রাসের রাষ্ট্রপতি, সরকার এবং জনগণের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি এই পুরস্কারটি ভারত ও সাইপ্রাসের মধ্যে দীর্ঘদিনের উষ্ণ সম্পর্ককে উৎসর্গ করে বলেন দ্বিপাক্ষিক এই সম্পর্ক অভিন্ন মূল্যবোধ এবং পারস্পরিক বিশ্বাসের উপর রচিত। এই পুরস্কার ভারতের বর্ষ প্রাচীন দর্শন "বসুধৈব কুটুম্বকম" বা "বিশ্ব এক পরিবার"-এর স্বীকৃতি যা বিশ্ব শান্তি ও অগ্রগতির জন্য ভারতের দৃষ্টিভঙ্গিকে পথ দেখায়

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত ও সাইপ্রাসের মধ্যে অংশীদারিত্বের সম্পর্ক গণতান্ত্রিক মূল্যবোধ ও আইনের শাসনের গভীরে ছড়ানো। নিকোশিয়ায় রাষ্ট্রপতি ভবনে সাইপ্রাসের রাষ্ট্রপতির সঙ্গে যৌথ সাংবাদিক সম্মেলনে শ্রী মোদী একথা বলেন।

##########PM Byte##########

***************************

**Census:**

কেন্দ্রীয় সরকার আজ ষোলতম জনগণনার আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক প্রকাশিত বিজ্ঞপ্তিতে অধিকাংশ রাজ্যে ২০২৭ সালের পয়লা মার্চ থেকে জন গননা শুরু হবে। লাদাখ, জম্মু কাশ্মীর, হিমাচল প্রদেশ এবং উত্তরাখন্ডের ২০২৬ সালের পয়লা অক্টোবর থেকে জনগণনা শুরু হবে বলে জানানো হয়েছে। এবারের জনগণনা দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে। প্রথম পর্যায়ে হবে ঘর গণনা এবং  দ্বিতীয় পর্যায়ে জনগণনা হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

***************************

**BJP Rally:**

বাংলাদেশে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের পৈতৃক বাড়িতে হামলার প্রতিবাদে বিজেপি'র উদ্যোগে আজ আগরতলায় প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়। স্বামী বিবেকানন্দ ময়দান থেকে শুরু হয়ে এই মিছিল বাংলাদেশ ভিসা অফিস সংলগ্ন এলাকায় গিয়ে শেষ হয়। মিছিলে নেতৃত্ব দেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য। তিনি বলেন, বিশ্বকবির পৈতৃক স্মৃতি বিজড়িত স্থানে হামলায় জড়িতদের বিরুদ্ধে বাংলাদেশ সরকারকে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা নিতে হবে।

########Rajib Bhattacharjee Byte########

***************************

**Second Division:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত

খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ২-০ গোলে স্কাইলার্ক ক্লাবকে পরাজিত করে।

*****************************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬.৩ সেলসিয়াস।

*****************************

*****************************